

প্রাইভেট ইউনিভার্সিটি

Like 0 Send Tweet Print G+

Share 0

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ৫ম সমাবর্তন

Published: 2018-01-20 15:44:27 BdST, Updated: 2018-01-21 12:37:31 BdST



ইউআইইউ লাইভ: ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) ৫ম সমাবর্তন অনুষ্ঠিত হয়েছে। ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির মাদানি এভিনিউস্থ হ্যারী ক্যাম্পাসে শনিবার সকাল ৯:৩০টায় সমাবর্তন অনুষ্ঠিত হয়। সমাবর্তনে সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ।

বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রাষ্ট্রপতি মো: আবদুল হামিদেব পক্ষে তাঁর প্রতিনিধি হিসেবে মন্ত্রী সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। সমাবর্তন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান।

সমাবর্তন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান এবং সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের সচিব ড. আহমদ কায়কাউস।

বেসরকারি বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষকে ব্যয়সীমা কমানোর আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম। তিনি বলেছেন, দেশের বাস্তবতা এবং জনগণের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা করে শিক্ষার্থীদের ভর্তি ও টিউশন ফিস সব ধরনের ব্যয় একটি সীমা পর্যন্ত নিধারিত রাখতে উদার দৃষ্টিভঙ্গি তৈরি করতে হবে।

শিক্ষামন্ত্রী বলেন, কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় এখনও তাদের ন্যূনতম শর্ত পূরণ করতে পারেনি। এভাবে তারা বেশি দিন চলতে পারবে না। যেসব বিশ্ববিদ্যালয় নির্ধারিত শর্ত পূরণ করেছে, যারা মুনাকার লক্ষ্য নিয়ে চলতে চায়, যারা নিজস্ব ক্যাম্পাসে এখনও যানি, যারা একাধিক ক্যাম্পাসে পাঠদান পরিচালনা করছে তাদের বিরুদ্ধে অব্যাহত চাপ রেখেও সঠিক ধারায় আনা কঠিন হয়ে পড়েছে। এজন্য তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ ছাড়া তারা আর কোন পথ খোলা রাখেনি।

মন্ত্রী বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উদ্যোক্তাদের ব্যবসা ও মুনাকার চিন্তা ত্যাগ করে জনকল্যাণ, সেবার মনোভাব ও শিক্ষার জন্য অবদান রাখার দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে আসার আহ্বান জানান। একইসঙ্গে আমাদের দেশের বাস্তবতা এবং জনগণের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা করে শিক্ষার্থীদের ভর্তি ও টিউশন ফিস সব ধরনের ব্যয় একটি সীমা পর্যন্ত নির্ধারিত রাখতে অনুরোধ করেন।

সমাবর্তনে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান বলেন, কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় অনেক করেছে, আবার অনেকে বিশ্ববিদ্যালয়কে ব্যবসা প্রতিষ্ঠান বানিয়েছে। ব্যবসা প্রতিষ্ঠান চালানো আর শিক্ষা প্রতিষ্ঠান চালানো এক বিষয় নয়। এ কারণে যে কাজটি উপাচার্যের করার কথা কিন্তু তা করছেন বোর্ড অব ট্রাস্টিজের সদস্যরা। এটি কাম্য নয়। এতে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে শৃঙ্খলা থাকে না।

সমাবর্তন অনুষ্ঠানে ৯৬২ জন শিক্ষার্থীকে গ্রাজুয়েশন ও পোস্ট গ্রাজুয়েশন ডিগ্রি এবং কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য ৪ জন শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হয়।

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ভিসি প্রফেসর ড. চৌধুরী মোফিজুর রহমান ইউনিভার্সিটির সমাবর্তন অনুষ্ঠান সূচ্যুত্বাবে সম্পন্ন করার জন্য সভাপতি, বিশেষ অতিথি, সমাবর্তন বক্তা, বিশ্ববিদ্যালয়ের ডীন, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী, সাংবাদিক ও আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

সমাবর্তন অনুষ্ঠানে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভিসি, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সকল অনুষদের ডীন, বিভাগীয় প্রধানগণ, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী, সাংবাদিক, শিক্ষাবিদ ও সমাজের বিভিন্ন স্তরের বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।